5th Sem 2024 / SEC2-P1

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2024

## SEC2-P1-BENGALI

## ব্যবহারিক বাংলাচর্চা

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) সর্বনাম পদ কাকে বলে ? সর্বনাম পদের ভাগগুলি লেখো।

(খ) শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন কাকে বলে ? উদাহরণ দাও।

(গ) গঠন অনুযায়ী বাক্য কত প্রকার ? প্রত্যেক প্রকারের নাম লেখো।

(ঘ) সাধু গদ্য ও চলিত গদ্যে ক্রিয়াপদের গঠনগত পার্থক্য উদাহরণসহ লেখো।

(ঙ) 'পরিভাষা' কী ? এর প্রয়োজনীয়তা সংক্ষেপে লেখো।

(চ) প্রশাসনিক বিজ্ঞাপন বলতে কী বোঝো ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) সাধু ভাষা থেকে চলিত ভাষায় রূপান্তরিত করোঃ

"অদূরে বর্ষার পদ্মা নবমেঘচ্ছায়ায় বড়ো স্থির ভয়ঙ্কর ভাব ধারণ করিয়া চলিয়াছে। শস্যক্ষেত্রের অধিকাংশই ভাঙিয়া লোকালয়ের কাছাকাছি আসিয়া পড়িয়াছে। এমন কি ভাঙনের ধারে দুই-চারিটা আম-কাঁঠালের শিকড় বাহির হইয়া দেখা দিয়াছে, যেন তাহাদের নিরুপায় মুষ্টির প্রসারিত অঙ্গুলিগুলি শূন্যে একটা কিছু অন্তিম অবলম্বন আঁকড়াইয়া ধরিবার চেষ্টা করিতেছে।"

(খ) যে-কোনো তিনটি বাক্যের নির্দেশ অনুযায়ী রূপান্তর করোঃ

(অ) বৃষ্টি হলেও গরম কমছে না। (জটিল বাক্যে)

(আ) যদি আজ বৃষ্টি হয় তাহলে আমি আসব না। (সরল বাক্যে)

(ই) ছেলেটি বড় অশান্ত। (না-বাচক বাক্যে)

(ঈ) কোথা থেকে আসছেন ? (ভাববাচ্যে)

(উ) পচে-যাওয়া আমগুলো ফেলে দাও। (জটিল বাক্যে)

(গ) বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে জনসচেতনতামূলক বিজ্ঞাপনের একটি খসড়া রচনা করো।

(ঘ) পরিভাষা লেখোঃ Fable, Dialect, Folk Culture, Discount, Irony, Opera.

(ঙ) বর্তমান যুগে গণমাধ্যম হিসাবে টেলিভিশনের গুরুত্ব আলোচনা করো।

(চ) ব্যাখ্যামূলক প্রতিবেদন ও অনুসন্ধানী প্রতিবেদনের পার্থক্য আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) উদাহরণসহ শুদ্ধ বাক্য গঠনের মূল সূত্রগুলি আলোচনা করো।

(খ) বিজ্ঞাপন কাকে বলে ? বিজ্ঞাপনের শ্রেণিবিভাগ করে যে-কোনও একটি শ্রেণির বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

(গ) তোমার এলাকার একটি ঐতিহ্যবাহী মেলা নিয়ে একটি প্রতিবেদন রচনা করো।

(ঘ) গণমাধ্যম হিসেবে সমাজজীবনে সংবাদপত্রের ভূমিকা আলোচনা করো।

———×———



Maynaguri College Library